



প্রতিদিন বাকাশিবে এর ওয়েবসাইট
(www.bteb.gov.bd) ভিজিট করুন
এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৮০(৮)

তারিখঃ ০৭-০৫-২০১৮ খ্রিঃ

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তরপত্র ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী

আগামী ২৪ মে ২০১৮ হতে অনুষ্ঠিতব্য ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ পূর্বক পরীক্ষা গ্রহণ করতে হবেঃ

- (১) ২০১০ ও ২০১৬ প্রবিধানভুক্ত বোর্ড মূল্যায়ন সকল পর্বের (৪র্থ হতে ৮ম পর্ব) সকল বিষয়ের তথ্যীয় পরীক্ষায় নতুন সরবরাহকৃত ১০ (দশ) ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর এবং ০৫ (পাঁচ) ডিজিটের বিষয় কোড সম্বলিত উত্তরপত্র বোর্ড হতে সংগ্রহ করে পরীক্ষা গ্রহণ করতে হবে। **কোনক্রমেই পুরাতন লিথুকোড সম্বলিত উত্তরপত্রে পরীক্ষা গ্রহণ করা যাবে না।**
- (২) উত্তরপত্রের লিথোর উপরের অংশে (Litho Top-Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করণীয়ঃ
বোর্ড হতে সরবরাহকৃত নতুন লিথু কোড যুক্ত উত্তরপত্রে ১০ (দশ) ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর এবং ০৫ (পাঁচ) ডিজিটের বিষয় কোডের বৃত্ত ভরাটের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়ামবলী অনুসরণ করতে হবেঃ-
(২.১) ২০১০ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ০৬ (ছয়) ডিজিট এবং বিষয় কোড ০৪ (চার) ডিজিটের হওয়ায় এবং নতুন লিথুযুক্ত উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ১০ (দশ) ডিজিট এবং বিষয় কোড ০৫ (পাঁচ) ডিজিট থাকায় বৃত্ত (ঘর) ভরাটের ক্ষেত্রে শিক্ষার্থীরা ডান দিক থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য '০' দিয়ে ভরাট করবে।
(২.২) ২০১৬ প্রবিধানভুক্ত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ০৬ (ছয়) ডিজিট হওয়ায় এবং নতুন লিথুযুক্ত উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ১০ (দশ) ডিজিট থাকায় বৃত্ত (ঘর) ভরাটের ক্ষেত্রে শিক্ষার্থীরা ডান দিক থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য '০' দিয়ে ভরাট করবে।
(২.৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা শুরুর পূর্বেই বিভাগীয় প্রধান ও শ্রেণী শিক্ষকের মাধ্যমে এ বিষয়ে পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিবেন।
- (৩) কেন্দ্রে/প্রতিষ্ঠানে পুরাতন লিথুযুক্ত উত্তরপত্র মজুদ থাকলে সেগুলো সম্পূর্ণ আলাদা করে রাখতে হবে এবং প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিং সহ বোর্ডে ফেরত প্রদান করতে হবে।
- (৪) প্রতিষ্ঠান মূল্যায়ন পর্বসমূহের (১ম হতে ৩য় পর্ব) তথ্যীয় বিষয়ের পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে। শুধুমাত্র ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ৩য় পর্ব পরীক্ষার্থীদের পরীক্ষা প্রবিধান মোতাবেক লিথুযুক্ত উত্তরপত্রে গ্রহণ করতে হবে।
- (৫) বোর্ড হতে গৃহীত, প্রতিদিনের পরীক্ষায় ব্যবহৃত ও মজুদ সকল উত্তরপত্রের জন্য একটি রেজিস্টার ব্যবহার করতে হবে। কোন উত্তরপত্র ব্যবহারের অনুপোষগী/নষ্ট থাকলে তা বোর্ডে ফেরত দিয়ে নতুন উত্তরপত্র গ্রহণে করতে হবে।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৮০(৮)

তারিখঃ ০৭-০৫-২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্র।
৪. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট,
৫. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ,
৬. অধ্যক্ষ/পরিচালক,
৭. সিস্টেম এনালিস্ট (অতিঃ দাঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি Website -এ প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
৮. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নতুন উত্তরপত্রের সাথে পুরাতন লিথুযুক্ত উত্তরপত্র সরবরাহ না করার অনুরোধসহ]।
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ৯১১৮৭৭৬